

১নং চরহরিরামপুর ইউনিয়ন পরিষদ

কার্যালয়ঃ শালেপুর মধ্য, ডাকঘরঃ চর হাজীগঞ্জ, উপজেলাঃ চরভদ্রাসন, জেলাঃ ফরিদপুর।



মোঃ জাহাঙ্গীর কবির, চেয়ারম্যান, ১নং চর হরিরামপুর ইউনিয়ন পরিষদ। মোবাইলঃ ০১৯১২ ৩৪১ ৬৭০

সূত্র নংঃ

তারিখঃ

০৫ নভেম্বর ২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত ইউনিয়ন আইন-শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ জাহাঙ্গীর কবির, চেয়ারম্যান, ০১নং চরহরিরামপুর ইউনিয়ন পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।

সভার তারিখ ও সময় : ০৫/১১/২০২৩ ইং সকাল ১০.৩০ ঘটিকা।

সভার স্থান : ১ নং চরহরিরামপুর ইউনিয়ন পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

ক্রঃ নং	নাম	পরিচয়	ক্রঃ নং	নাম	পরিচয়
১	তাছলিমা বেগম	সঃ মহিলা ইউপি সদস্য	২	আনোয়ারা বেগম	সঃ মহিলা ইউপি সদস্য
৩	কাঞ্চন বেগম	সঃ মহিলা ইউপি সদস্য	৪	মোঃ মোস্তফা	ইউপি সদস্য
৫	মোঃ মোকা মূধা	ইউপি সদস্য	৬	সেক ফালু	ইউপি সদস্য
৭	সেক বিল্লাল	ইউপি সদস্য	৮	হুমায়ূন সেক	ইউপি সদস্য
৯	আঃ ছাত্তার প্রামানিক	ইউপি সদস্য	১০	সেক বিল্লাল	ইউপি সদস্য
১১	আব্দুল কুদ্দুস	ইউপি সদস্য	১২	মোঃ হায়দার হোসেন	ইউপি সদস্য
১৩	মোঃ জাহাঙ্গীর আলম	উঃ সঃ কৃষি কর্মকর্তা	১৪	মোঃ শামীম হোসেন	দফাদার

আলোচ্য বিষয় সমূহ :

সভাপতি অধ্যকার সভায় উপস্থিত আইন-শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্থায়ী কমিটির দায়িত্বশীল প্রতিনিধিগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর কমিটির সদস্যগণের পরিচিতি ও আলোচ্য সূচি মোতাবেক আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ ব্যক্তি
০১	ইউনিয়নের আইন-শৃঙ্খলা উন্নয়ন সংক্রান্ত: সভায় কমিটির সদস্য আব্দুল কুদ্দুস জানান যে, নভেম্বর মাস পদ্মা নদীতে পানি হ্রাস বৃদ্ধির মাস। এই মাসে ইউনিয়নের নদীর দুই পার্শ্বের তীরে ব্যাপক নদী ভাঙ্গন হয়ে থাকে। ইহা ছাড়াও নদী ভাঙ্গনের কারণে ইউনিয়নের আইন শৃংখলার অবনতি হওয়ারও সম্ভাবনা থাকে। সেই দিকে সকলের সজাদ দৃষ্টি কামনা করে। তাহার জন্য সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি অনুরোধ করেন। এমতাবস্থায় এই সংক্রান্ত বিষয়ে আলোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা খুবই জরুরী। জনপ্রতিনিধি সাহেবে বক্তব্য শ্রবন করে সকলে নিজেদের মধ্যে খোলামেলা আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হয় যে, নদী ভাঙ্গনের বিষয়ে ওয়ার্ড সদস্যগণ নিজ নিজ ওয়ার্ডের নদী ভাঙ্গনের ক্ষতিগ্রস্ত পরিবারে নামের তালিকা তৈরী করে পরিষদের সভায় উপস্থাপন করবেন। ইহা ছাড়াও সকল গ্রাম পুলিশদের আইন শৃংখলার প্রতি সজাগ দৃষ্টি ও সতর্ক থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়।	উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত ও সভায় অনুমোদিত হয়।	জনাব মোঃ জাহাঙ্গীর কবির, চেয়ারম্যান, ০১নং চর হরিরামপুর ইউনিয়ন পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন এবং অত্র সভার কার্য বিবরণী আগামী ০৩ কার্য দিবসের মধ্যে প্রস্তুত করে এর কপি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়সহ সংশ্লিষ্ট সকলের নিকট আগামী ০৭ কার্য দিবসের মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে ইউপি সচিব কে অনুরোধ করা হলো।

(মোঃ জাহাঙ্গীর কবির)

সভাপতি

ইউনিয়ন আইন-শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও

চেয়ারম্যান

১ নং চরহরিরামপুর ইউনিয়ন পরিষদ,

চরভদ্রাসন, ফরিদপুর।